গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের

মিশন ও ভিশন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২০০৭

সূচীপত্র

ক্রমিক	মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তরের নাম	পৃষ্ঠা
১	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	৩
২	পুলিশ হেডকোয়ার্টার্স	৪
৩	আনসার ও ভিডিপি অধিদপ্তর	৫
৪	বাংলাদেশ রাইলেফস	৬
৫	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	৭
৬	বাংলাদেশ কোষ্টগার্ড	৮
৭	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	৯
৮	কারা অধিদপ্তর	১০
৯	বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	১১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

Vision

(What We Hope to Achieve)

Create a safe habitable human environment
by ensuring peace and security
throughout the country.

দেশে শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করার
মাধ্যমে মানুষের বসবাসযোগ্য একটি
নিরাপদ পরিবেশ সৃষ্টি ।

Mission

(Why We Exist)

Provide security to life and property, maintain law and order, conduct rescue operations, investigate criminal cases, fight criminals, crimes and militancy, ensure humane treatment to prisoners, protect border and coastal belt, check smuggling, formulate immigration and emigration related policies and combat trafficking in humans and drugs.

জীবন ও সম্পদের নিরাপত্তা বিধান, আইন শৃঙ্খলা রক্ষা, উদ্ধার কাজ পরিচালনা, ফৌজদারী মামলার তদন্ত, অপরাধ, অপরাধী ও জঙ্গীবাদ দমন, কারাবন্দীদের প্রতি মানবিক আচরণ নিশ্চিতকরণ, দেশের সীমান্ত ও উপকূলবর্তী অঞ্চল সুরক্ষা, চোরাচালান রোধ, অভিবাসন ও দেশান্তর সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং মানব ও মাদকদ্রব্য পাচার রোধ ।

বাংলাদেশ পুলিশ

Vision

সকল নাগরিককে সেবা প্রদান করা এবং বসবাস ও কর্মোপযোগী নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা ।

Mission

- আইনের শাসন সমুন্নত রাখা ।
- সকল নাগরিকের নিরাপত্তা সুনিশ্চিতকরণ ।
- জনগণের অংশিদারিত্বের (Community Partnership) ভিত্তিতে সামাজিক শান্তি রক্ষা ।
- অপরাধ চিহ্নিতকরণ ও প্রতিরোধ ।
- আইন লংঘনকারীকে বিচারের আওতায় আনা ।
- শান্তি ও জনশৃঙ্খলা রক্ষা ।
- জনগণকে সুরক্ষা, সাহায্য ও সেবা প্রদান এবং আশ্বস্তকরণ ।
- সমব্যথী, বিনম্র এবং ধৈর্য্যশীল হওয়া ।
- অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ এবং উন্নততর কর্মসম্পাদনের পন্থা অন্বেষণ ।
- বিভিন্ন সংস্থার সাথে সমন্বয়সাধন ।

আনসার ও ভিডিপি অধিদপ্তর

VISION

Everywhere for Peace, Discipline, Development and Security

শান্তি, শৃংখলা, উন্নয়ন ও নিরাপত্তায় সর্বত্র আমরা ।

MISSION

Ensure safety and security of rural Bangladesh, mobilize the force for socio-economic development, work under operational control of Army during emergency/war.

গ্রামীণ বাংলাদেশের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিতকরণ, আর্থ-সামাজিক উন্নয়নে শক্তি সঞ্চালন এবং জরুরী /যুদ্ধাবস্থায় সেনাবাহিনীর নিয়ন্ত্রণে আভিযানিক দায়িত্ব পালন ।

বাংলাদেশ রাইফেলস

VISION

(What We Hope to Achieve)

বাংলার সীমান্ত, নিরাপদ নিশ্ছিদ্র ।

MISSION

(Why We Exist)

বাংলাদেশের সুবিস্তৃত সীমান্ত রক্ষা, সীমান্ত এলাকার জনগণের জান-মাল রক্ষা, চোরাচালান প্রতিরোধ, গোয়েন্দা তথ্য সংগ্রহ ও সংরক্ষণের জন্য নেটওয়ার্ক তৈরী, দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষার্থে আইনশৃংখলা বাহিনীকে সহায়তা প্রদান, এই বাহিনীকে যুগোপযোগী করে গড়ে তোলা এবং জরুরী পরিস্থিতি/যুদ্ধাবস্থায় সেনাবাহিনীর প্রায়োগিক নিয়ন্ত্রণে কাজ করা ।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

Vision

“গতি, সেবা, ত্যাগ” আমাদের মূলমন্ত্র
দুর্যোগ মোকাবেলায় আমরা দৃঢ়প্রতিজ্ঞ ।

"Speed, Service, Sacrifice'' is our motto
We are always committed to face disasters.

Mission

অন্যান্য সংস্থার সাথে সমন্বয়সাধন করে অগ্নি দুর্ঘটনাসহ যে কোন দুর্যোগে জান-মালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা, দুর্ঘটনায় আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান, রোগী পরিবহনে এ্যাম্বুলেন্স সহায়তা প্রদান, বহুতল/বাণিজ্যিক ভবন, শিল্প কারখানায় অগ্নিদুর্ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণ, পরামর্শ ও মহড়া পরিচালনা এবং বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্হা গ্রহণ ।

Provide service support to reduce mortality during fire or any disaster, ensure first aid to victims, provide ambulance services to patients, organize training, demonstration and consultancy to prevent fire incident and arrange civil defence measures.

বাংলাদেশ কোস্ট গার্ড

VISION

নিরাপদ জলসীমা নিশ্চিতকরণ এবং জাতীয় স্বার্থ রক্ষায় অঙ্গীকারাবদ্ধ ।

MISSION

বাংলাদেশের জাতীয় জলসীমা ও উপকূলীয় অঞ্চলে জলদস্যুতা দমন, অবৈধ পাচার রোধ, মৎস্য, তেল, গ্যাস ও বনজ সম্পদ রক্ষাসহ পরিবেশ দূষণ প্রতিরোধ, সমুদ্র বন্দরের নিরাপত্তা সহায়তা প্রদানের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও আইন-শৃংখলা রক্ষায় সহায়তা দান, প্রাকৃতিক দুর্যোগকালে উপকূলীয় এলাকায় ত্রাণ ও উদ্ধারকাজ পরিচালনা ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

Vision

মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়া

Mission

দেশে অবৈধ মাদকের প্রবাহ রোধ, ওষুধ ও অন্যান্য শিল্পে ব্যবহার্য বৈধ মাদকের আমদানি, পরিবহন ও ব্যবহার নিয়ন্ত্রণ, মাদকদ্রব্যের সঠিক পরীক্ষণ, মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন, মাদকদ্রব্যের কুফল সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিরোধ শিক্ষা কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়ন, জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সাথে নিবিড় কর্ম-সম্পর্ক তৈরির মাধ্যমে মাদকের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা ।

কারা অধিদপ্তর

Vision

রাখিব নিরাপদ, দেখাব আলোর পথ

Mission

বন্দীদের নিরাপদ আটক নিশ্চিতকরণ, কারাগারের কঠোর নিরাপত্তা ও শৃংখলা বজায় রাখা, বন্দীদের সাথে মানবিক আচরণ, তাদের যথাযথ বাসস্থান, খাদ্য, চিকিৎসা ও আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবির সাথে সাক্ষাতের সুযোগ দান এবং সুনাগরিক হিসেবে সমাজে পুনর্বাসনের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ প্রদান ।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

Vision

বাংলাদেশে বিদেশীদের গমনাগমনের জন্য ভিসা এবং বাংলাদেশীদের বিদেশে গমনাগমনের জন্য দক্ষতার সাথে পাসপোর্ট প্রদান।

Mission

- দ্রুততম সময়ে আন্তর্জাতিক/বিশেষ/অফিসিয়াল/কূটনৈতিক পাসপোর্ট প্রদান।
- দশ বছর মেয়াদী পাসপোর্ট প্রদান।
- মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) ও মেশিন রিডেবল ভিসা (MRV) প্রবর্তনপূর্বক বর্হির্বিশ্বে বাংলাদেশের পাসপোর্ট ও ভিসার গ্রহণযোগ্যতা বৃদ্ধি।
- বিদ্যামান পাসপোর্টে সংযোজন/সংশোধনে ওয়ানস্টপ সার্ভিস প্রবর্তন।
- জনসংখ্যা, ভৌগলিক অবস্থান, পাসপোর্টর চাহিদা মোতাবেক ১৭টি জেলায় নতুন পাসপোর্ট অফিস স্থাপন।
- পোস্ট অফিস ও ব্যাংকের মাধ্যমে পাসপোর্টের আবেদনপত্র জমা ও পাসপোর্ট বিতরণ।
- দ্রুততম সময়ে বিদেশীদের ভিসার মেয়াদবৃদ্ধি ও দেশত্যাগের অনুমতি প্রদান।